



প্রধান কার্যালয় পরিপত্র নং-৭৬৬
প্রকা/এমডিডি/ডিপোজিট স্কীম/পরিপত্র নং-২৩০
তারিখঃ ১৫ মে, ২০১৬

জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
সকল জিএম অফিস/লোকাল অফিস/
বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা/রমনা কর্পোরেট শাখা/
প্রধান কার্যালয়ের সকল বিভাগ/স্টাফ কলেজ/
সোনালী ইনভেস্টমেন্ট লিঃ/সকল প্রিন্সিপাল অফিস/
সকল কর্পোরেট শাখা/ সকল আঞ্চলিক কার্যালয়/
পরিদর্শন ও নিরীক্ষা দল/ট্রেনিং ইনস্টিটিউট/
সকল শাখা
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়ঃ প্রধান কার্যালয়ের ইস্তেহার নং ২৬ তারিখ ৩১ আগস্ট, ২০০৮ এর মাধ্যমে প্রবর্তিত “বিবাহ সঞ্চয় স্কীম (এমএসএস)” এর মুনাফার হার পুনঃ নির্ধারণ প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ০৪ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৬৩ তম সভার অনুমোদনক্রমে (যা পরিচালনা পর্ষদের ০৯ মে, ২০১৬ তারিখের ৪৬৪ তম সভায় নিশ্চিত করা হয়) প্রধান কার্যালয়ের ইস্তেহার নং ২৬ তারিখ ৩১ আগস্ট, ২০০৮ এর মাধ্যমে প্রবর্তিত ১০(দশ) বছর মেয়াদী “ বিবাহ সঞ্চয় স্কীম (এমএসএস)” এর মুনাফার হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো, যা আগামী ১৮ মে, ২০১৬ তারিখ থেকে কার্যকর হবে :

পুনঃনির্ধারিত মুনাফার হার : ৭.০০ শতাংশ (চক্রবৃদ্ধি)।

পুনঃনির্ধারিত ৭% সুদ হারে ১০ বছর মেয়াদ পূর্তিতে হিসাবধারী সুদ-আসল এবং বোনাসসহ নিম্নে বর্ণিত ছকের ৭ নং কলামে উল্লিখিত পরিমাণ অর্থ এককালীন প্রাপ্য হবেন :

| ক্রঃ নং | মেয়াদ | বিস্তার পরিমাণ | ১০ বছর প্রদত্ত বিস্তার টাকার পরিমাণ | প্রদেয় সুদের পরিমাণ | প্রদেয় বোনাসের পরিমাণ | মেয়াদান্তে এককালীন সুদ-আসল ও বোনাসসহ প্রদেয় টাকার পরিমাণ |
|---------|--------|----------------|-------------------------------------|----------------------|------------------------|--|
| ১। | ১০ বছর | ১০০ | ১২,০০০.০০ | ৫,২১০.০০ | ৩০০.০০ | ১৭,৫১০.০০ |
| ২। | — | ৫০০.০০ | ৬০,০০০.০০ | ২৬,০৪২.০০ | ১,৫০০.০০ | ৮৭,৫৪২.০০ |
| ৩। | — | ১,০০০.০০ | ১,২০,০০০.০০ | ৫২,০৮৫.০০ | ২,০০০.০০ | ১,৭৪,০৮৫.০০ |
| ৪। | — | ১০,০০০.০০ | ১২,০০,০০০.০০ | ৫,২০,৮৩৯.০০ | ১১,০০০.০০ | ১৭,৩১,৮৩৯.০০ |

এই স্কীমের আওতায় উল্লিখিত মূল্যমান অনুযায়ী অর্থাৎ ১০০, ২০০, ৩০০, ৪০০, ৫০০, ১০০০, ২০০০, ৩০০০, ৪০০০, ৫০০০, ৬০০০, ৭,০০০, ৮০০০, ৯০০০ ও ১০০০০ টাকা মাসিক কিস্তি হিসেবে জমা করা যাবে এবং উপরোক্ত ‘ছক’ মোতাবেক আনুপাতিক হারে হিসাবধারী মেয়াদান্তে সুদ-আসল ও বোনাসসহ এককালীন প্রাপ্য হবেন।

মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলেঃ-

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা বরাবর লিখিত আবেদন দাখিল করিয়া স্থায়ী হিসাব বন্ধ করতে পারবেন। এক্ষেত্রে হিসাব বন্ধের বিপরীতে সার্ভিস চার্জ বাবদ ২৫০(দুইশত পঞ্চাশ) টাকা আদায়যোগ্য হবে এবং নিম্নোক্ত নিয়মাবলী পরিপালন যোগ্য হবেঃ

- ১। হিসাব খোলার ০১(এক)বৎসর সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক কেবল মাত্র জমাকৃত মূল অর্থ ফেরৎ পাবেন।
- ২। হিসাবের মেয়াদ ০১(এক) বৎসরের অধিক কিন্তু ০৩(তিন) বৎসর পর্যন্ত হলে গ্রাহক ৫% হারে সরল সুদসহ জমাকৃত আসল টাকা ফেরৎ পাবেন।
- ৩। হিসাবের মেয়াদ ০৩(তিন) বৎসরের অধিক কিন্তু ০৫(পাঁচ) বৎসর পর্যন্ত হলে গ্রাহক ৬% হারে সরল সুদসহ জমাকৃত আসল টাকা ফেরৎ পাবেন।
- ৪। হিসাবের মেয়াদ ০৫(পাঁচ) বৎসরের অধিক কিন্তু ১০(দশ) বৎসর এর কম হলে গ্রাহক ৭% হারে সরল সুদসহ জমাকৃত আসল টাকা ফেরৎ পাবেন।

চলমান পৃষ্ঠা-০২


তবে শর্ত থাকবে যে,

- ১। ১৮ মে, ২০১৬ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের ক্ষেত্রে এ হার প্রযোজ্য হবে না।
- ২। প্রধান কার্যালয়ের মূল ইস্তেহার নং ২৬, তারিখ-৩১-০৮-২০০৮ -এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।
- ৩। প্রধান কার্যালয়ের মূল ইস্তেহার নং ২৬, তারিখ-৩১-০৮-২০০৮ -এ উল্লিখিত বোনাসের পরিমাণ অপরিবর্তিত থাকবে।
- ৪। মেয়াদ পূর্তিতে মুনাফার পরিমাণ হ্রাস/বৃদ্ধি পেলে সুদ হিসাব সমন্বয়ের মাধ্যমে আমানতকারীকে বিধি মোতাবেক প্রাপ্য অর্থ পরিশোধ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(জাহান আরা মনজু)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার



(শ্যামল কান্তি নাথ)
ডেপুটি জেনারেল ম্যানেজার